

দৈনিক

দেশের কথা জানতে ও জানাতে

নাগরিক ভাবনা

পৃষ্ঠা-৮ □ মূল্য-৩ টাকা □ রেজিঃ নং-ডিএ-৬৫৩০

THE DAILY NAGORIK VABNA

সোনারগাঁয়ে করোনা যোদ্ধাদের মাঝে বাসমাহ ফাউন্ডেশনের স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ

সোনারগাঁও (নারায়ণগঞ্জ) প্রতিনিধি:

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে স্থানীয় সংসদ সদস্যর ব্যক্তিগত কার্যালয়ে আমেরিকা কর্তৃক বাসমাহ ফাউন্ডেশন (ইঅবগঅএ ঋডুঁহফধঃরডহ) এর পক্ষ হতে গত (১৯ সেপ্টেম্বর) শনিবার সোনারগাঁ উপজেলায় করোনা ভাইরাস প্রাদুর্ভাবের শুরু থেকে নারায়ণগঞ্জ-৩ এর সংসদ সদস্য লিয়াকত হোসেন খোকার নিজ উদ্যোগে গড়া শতাধিক সদস্য নিয়ে স্বেচ্ছাসেবক টিম ও গণমাধ্যম কর্মীদের মাঝে প্রচুর সংখ্যক পিপিই, মাস্ক ও রেইন কোট বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এমপি খোকা বলেন, আমার স্বেচ্ছাসেবী কর্মীগণ করোনার ক্রান্তি লগ্ন থেকে শুরু এখন অবধি দিন রাত একাকার করে করোনা মৃত লাশ গোসল ও দাফন, করোনা প্রাথমিক চিকিৎসার দিকনির্দেশনা এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অক্লান্ত পরিশ্রম করে আসছে। তাই আমি সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং দুনিয়াতে কিছু পাওয়া না পাওয়ার চেয়ে বড় বিষয় পরকালে তোমরা এর ফল অবশ্যই পাবে। তাছাড়া আমি আশাবাদী বিপদে আপদে সবসময় তোমার জনগনের পাশে থাকবে। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন,



সোনারগাঁ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আল আমিন তুষার, উপজেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মোঃ আল- আমিন, সোনারগাঁও রিপোর্টার্স ক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান রানা, সোনারগাঁও রিপোর্টার্স ক্লাবের সদস্য ইমরান হোসেন, আমরা স্বেচ্ছাসেবী

করোনা যোদ্ধা সার্বিক সহযোগী জাবেদ রায়হান জয় ও আমরা স্বেচ্ছাসেবী করোনা যোদ্ধা টিম লিডার মুছা: সানাউল্লাহ বেপারী ও পরিচালক ওমর ফারুকসহ সকল স্বেচ্ছাসেবী সদস্য উপস্থিত ছিলেন ও বাসমাহ কর্তৃক দুইজন প্রতিনিধি ও অন্যান্য গণমাধ্যম কর্মীগণ।